# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০২৭.০০.০০.০৬২.২০১৭/৫২৮(৩) তারিখঃ ০১ /০৭/২০২১ ইং

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grivance Redress System-GRS) মাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ নৌপম স্মারক নং-১৮.০০.০০০০.০১১.২৭.০০১(৬). ১৫-২৩৬৪/৯৬৩ তারিখঃ ১৫/১২/২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বাঅনৌপ-কর্তৃপক্ষে অভিযোগ গ্রহন ও নিষ্পত্তি সংক্রান্ত জুন-২০২১ইং মাসের প্রতিবেদন নির্ধারিত "ছক" এ নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরন করা হ'ল।

সংযুক্তঃ ০২(দুই) পাতা।

০১.০৭.২০২১

(মুহাম্মদ আবু জাফর হাওলাদার)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ
ফোন ঃ ০২-৯৫৬৪৬৩৪
ই-মেইলঃ **dadmin@biwta.gov.bd**

৪/৭/২১

সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব(প্রশাসন)।

অনুলিপিঃ

০১। যুগ্ম-সচিব(টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। নথি।

# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ জুন-২০২১ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ০২ | - | ০২ | - | | বর্তমান মাসে নতুন ২(দুই)টি অভিযোগের বিষয়ঃ<br><br>০১। জনাব বাদল চন্দ্র বিশ্বাস, পন্টুন লস্কর, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ কর্তৃক জনৈক জনাব জহিরুল হক, সাবেক সারেং, বিআইডব্লিউটিএ, ড্রেজিং বিভাগ, নারায়ণগঞ্জ, গ্রামঃ মুছাপুর, পোঃ ওসমানিয়া, থানাঃ সন্দ্বীপ, জেলাঃ চট্টগ্রাম এর ছেলেকে বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা নগদ গ্রহণ করেন। পরবর্তীতে চাকুরী না হওয়ার কারনে অদ্যাবধি টাকা ফেরৎ না দেয়ায় জনাব জহিরুল হক, সাবেক সারেং কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ১৪/০৬/২০২১ইং তারিখ একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয় সর্ম্পকে তথ্যানুসন্ধান করতঃ সুর্নিদিষ্ট সুপারিশ সহ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ কবির হোসেন, সহকারী পরিচালক(প্রশাসন), বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>০২। জনাব মোঃ ইকবাল হোসেন, সাবেক টিজি(টোল গার্ড), ঢাকা নদী বন্দর, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা কর্তৃক কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ২৪/০৬/২০২১ তারিখে দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করা হয় যে, কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৯৬১৭/২০২১(বওপ) তারিখঃ ০৪/০৭/২০১৭ইং দ্বারা অবসর প্রদান পূর্বক ০৮/১১/২০১০ইং তারিখ হতে ০৭/১১/২০১১ইং | পূর্বের মাসের অনিষ্পত্তিকৃত পুরাতন ২(দুই) টি অভিযোগের বিষয়ঃ<br><br>০১। জনাব মোঃ আবুল কালাম সেলিম, অফিস সহায়ক(অবসর প্রাপ্ত), সচিবালয় বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা কর্তৃক জনৈক মোছাঃ লিজা আক্তার(মোবাইল নং-০১৯৯৯-৩৮৯৮৩৩), পিতাঃ মোঃ ছামিউল আলম, গ্রামঃ কুলকান্দি, ডাকঘরঃ কুলকান্দি, থানাঃ ইসলামপুর, জেলাঃ জামালপুর এর নিকট হতে বিআইডব্লিউটিএ'র নিরাপত্তা প্রহরী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা নগদ গ্রহণ করেন মর্মে মোছাঃ লিজা আক্তার কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ১১/০১/২০২১ইং তারিখ একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য জনাব এস.এম.বদরুল আলম, সহকারী পরিচালক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন গত ২২/০২/২০২১ইং তারিখে পাওয়া গিয়েছে। প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>০২। জনাব মোঃ মিলাদুন্নবী, নক্সাবিদ, পরিকল্পনা ও নক্সা সার্কেল, প্রকৌশল বিভাগ,বিআইডব্লিউটিএ, ঢাকা (বর্তমান কর্মস্থলঃ প্রেষনে বাঘাবাড়ী নদীবন্দর, বিআইডব্লিউটিএ, বাঘাবাড়ী), স্থায়ী ঠিকানাঃ পিতা- ডাঃ মোঃ শফিউন্নবী, মাতা-মোসাঃ হাজেরা খাতুন, গ্রামঃ কুমিল্লী, পোঃ গয়েশপুর, উপজেলাঃ পাবনা সদর, জেলাঃ পাবনা। সপ্তাহে ২(দুই) দিন বাড়ী থেকে এসে অফিস করেন, অবশিষ্ট ৫(পাঁচ) দিন বাড়ীতে থেকে সরকার বিরোধী মিছিল মিটিং সহ বিভিন্ন কর্মকান্ডের সাথে জড়িত রয়েছেন, মাদক সেবন সহ মাদকের ব্যবসা করেন এবং জমি দালালী ও সুদের কারবার করেন মর্মে জনাব | পূর্বের মাসের অনিষ্পত্তিকৃত পুরাতন ২(দুই)টি অভিযোগের বিষয়ঃ<br><br>০১। জনাব বাদল চন্দ্র বিশ্বাস, লস্কর, পিতা-নরেশ চন্দ্র বিশ্বাস, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ, স্থায়ী ঠিকানা- গ্রামঃ কদিমখর্শিলা, পোঃ রতনগঞ্জ বাজার, থানাঃ কালিহাতি, জেলাঃ টাঙ্গাইল কর্তৃক জনৈক মোসাঃ শামসুন নাহার (মোবাইল নং-০১৭১৭-৩৫৯১৭৯) এর ভাইকে বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ৭,০০,০০০/-(সাত লক্ষ) টাকা নগদ গ্রহণ করেন, পরবর্তীতে চাকুরী না হওয়ায় জনাব বাবুল চন্দ্র বিশ্বাসের নিকট টাকা ফেরৎ চাওয়া হলে তন্মধ্যে বিভিন্ন সময়ে ৪,৩০,০০০/- টাকা পরিশোধ করে এবং ২,৭০,০০০/-(দুই লক্ষ সত্তর হাজার) টাকা তাঁর নিকট অবশিষ্ট রয়েছে। উক্ত অবশিষ্ট টাকা ফেরৎ দেয়ার অনুরোধ করা হলে জনাব বাদল চন্দ্র বিশ্বাস ক্ষিপ্ত হয়ে মোসাঃ শামসুন নাহার-কে বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রদর্শন সহ প্রাণে মেরে ফেলার হুমকি দেয়ায় তিনি কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ২৯/১২/২০২০ইং তারিখ একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৫৪/২০২১ তারিখঃ ২০/০১/২০২১ইং দ্বারা জনাব মোঃ সাইফুর রহমান, উপ পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন গত ০২/০৩/২০২১ইং তারিখে পাওয়া গিয়েছে। তদন্ত প্রতিবেদনে অভিযোগের সত্যতা প্রমানিত হওয়ায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৯৩৬/২০২১ তারিখঃ ০৩/০৬/২০২১ইং দ্বারা কর্তৃপক্ষের চাকুরী হতে জনাব বাদল চন্দ্র বিশ্বাস, লস্কর-কে সাময়িকভাবে বরখাস্ত করে | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | তারিখ পর্যন্ত মোট ১২ মাস অবসর উত্তর ছুটি প্রদান করা হয়। কিন্তু তাঁর সার্ভিস বুকে এসএসসি'র সনদ এবং জাতীয় পরিচয় পত্রে জন্ম তারিখ ১৬/০৬/১৯৫৮ইং অনুযায়ী ১৫/০৬/২০১৭ইং তারিখে চাকুরী ৫৯ বছর পূর্ণ হয়। সে অনুযায়ী তার অবসরের তারিখ ১৫/০৬/২০১৭ইং তারিখ। তাকে বিআইডব্লিউটিএ হতে ৬(ছয়) বছর পূর্বের তারিখে চাকুরী হতে অবসর প্রদান করায় তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাই সঠিক জন্ম তারিখ নির্ধারণ করে অবসরের আদেশ পুনঃ সংশোধন করার অনুরোধ করা হয়েছে। বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মোহাম্মদ রেজাউল রহিম লাল, চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা ও ভারপ্রাপ্ত সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, পাবনা জেলা শাখা, পাবনা(ফোন ঃ (০৭৩১-৬৬০৫৭) কর্তৃক গত ২১/০৪/২০২১ইং তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগপত্র দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়গুলো সর্ম্পকে তথ্যানুসন্ধান করতঃ সুনির্দিষ্ট সুপারিশ সহ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন গত ১৭/০৬/২০২১ইং তারিখে পাওয়া গিয়েছে। প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে বিভাগীয় অভিযোগনামা জারী করা হয়েছে।<br>০২। জনাব মোঃ আলমগীর, লস্কর, ড্রেজার-১৩৫, ড্রেজার বেইজ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ জনৈক মোছাঃ শামসুন নাহার(সেলি) (মোবাইল নং-০১৭১৭-৩৫৯১৭৯), পিতাঃ মোঃ আলী আজগর, গ্রামঃ দিঘীবরাব, ডাকঘরঃ যাত্রামুড়া, থানাঃ রূপগঞ্জ, জেলাঃ নারায়ণগঞ্জ এর ছোট ভাইকে বিআইডব্লিউটিএ'র অফিস সহকারী পদে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকার প্রস্তাবের প্রেক্ষিতে ৩(তিন)টি একশত টাকার স্ট্যাম্পের মাধ্যমে নগদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গ্রহণ করেন। পরবর্তীতে চাকুরী না হওয়ায় উক্ত টাকা ফেরৎ চাওয়া হলে জনাব মোঃ আলমগীর মোছাঃ শামসুন নাহার-কে বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রর্দশন সহ প্রাণে মেরে ফেলার হুমকি দেয়ায় তিনি কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট গত ১২/০৮/২০২০ইং তারিখে একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৩০৬/২০২১,তারিখঃ ০৮/০২/২০২১ইং দ্বারা জনাব সুব্রত রায়, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন গত ০৬/০৬/২০২১ইং তারিখে পাওয়া গিয়েছে। তদন্ত প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | |

01.07.2021

01/07/2021
মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

1/7/2021
মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)

1/7/2021
এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)

স্বাক্ষর------------------ 01.07.2021
নামঃ (মুহাম্মদ আবু জাফর হাওলাদার)
পদবীঃ পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২-৯৫৬৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩